

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং- ৫অ-৯/২০১১/প্রশাসন/ ১৭২০

তারিখ: ২৭/২/১৮


সেলিনা পারভীন বানু
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর

বিষয়ঃ অবসর উত্তর ছুটি মঞ্জুরী প্রসঙ্গে

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০/অংশ-৩/৬২ তারিখ: ০৬-০৪-২০১০ খ্রিঃ

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের রেকর্ড অনুযায়ী আপনার জন্ম তারিখ ০১-০৮-১৯৫৯ খ্রিঃ বিধায় আগামী ৩১-০৭-২০১৮ খ্রিঃ তারিখে আপনার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সূত্রস্থ পত্র মোতাবেক আপনার ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় উক্ত দিনে আপনার অবসর গ্রহণের দিন হিসেবে গন্য হবে এবং বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি ৭৯ এর বিধান মতে উক্ত দিনটি অকর্ম দিবস (নন-ওয়ার্কিং ডে) হিসেবে গন্য হবে এবং উক্ত দিন হতে অবসর গ্রহণ কার্যকর হবে। তবে ছুটি পাওনা সাপেক্ষে অবসর গ্রহণের জন্য নির্ধারিত উক্ত দিনটির পরবর্তী দিন হতে সর্বোচ্চ ০১ (এক) বছর পর্যন্ত ০১ (এক) জন কর্মকর্তা অবসর উত্তর ছুটি ভোগ করতে পারেন।

এমতাবস্থায়, আপনাকে এসএসসি সনদের সত্যায়িত ফটোকপিসহ অবসর উত্তর ছুটি মঞ্জুরীর আবেদন পিআরএল গমনের ০৩ (তিন) মাস পূর্বে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। যদি আপনি পিআরএল মঞ্জুরীর আবেদন ০৩ (তিন) মাস পূর্বে প্রেরণ না করেন তবে পিআরএল মঞ্জুরী ও পেনশনের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে আপনার উপর বর্তাবে।


(মোঃ মাহমুদুল হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০৪১-৮/৫৪৯২

অনুলিপি:

১. পরিচালক (সেবা ও সরবরাহ), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ/এএসআইসিটি বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৪. সংশ্লিষ্ট নথি।